



সরকার আধুনিক ও গণমুখী শিক্ষা ব্যবস্থা প্রবর্তনে কার্যকর পদক্ষেপ নিয়েছে প্রধানমন্ত্রী

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : ইসলামী বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, মাদ্রাসা শিক্ষাকে আধুনিক শিক্ষার সাথে সমন্বয়সাধন করে দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এ দেশে ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন। ধর্মতত্ত্ব ও ইসলামী শিক্ষার সাথে জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন শাখার পঠন-

পাঠন ও গবেষণার জন্যই এই বিশ্ববিদ্যালয়ের জন্ম। তিনি দৃঢ় বিশ্বাসের সাথে বলেন, জ্ঞান-বিজ্ঞান চর্চার পাশাপাশি পরিবর্তিত বিশ্বের সাথে তাল মিলিয়ে জাতিকে এগিয়ে নিয়ে যাওয়ার উপযোগী জনশক্তি ও কৌশল উদ্ভাবনে এ বিশ্ববিদ্যালয় যেমন একদিকে পরিপূর্ণতার লক্ষ্যে পরিচালিত হবে, অন্যদিকে জাতিকে

৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

প্রধানমন্ত্রী

৮-এর পৃষ্ঠার পর সমৃদ্ধি অর্জনেও সহায়তা করবে। প্রধানমন্ত্রী গতকাল (বৃহস্পতিবার) ইসলামী বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে ভাষণদানকালে উপরোক্ত কথা বলেন। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক, সমাবর্তন বক্তা হিসেবে বক্তব্য রাখেন বিশিষ্ট শিক্ষাবিদ ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ভাইস চ্যান্সেলর ডঃ এম শমসের আলী এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমস্যা ও দাবীর কথা উল্লেখ করে বক্তব্য রাখেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ মুহাম্মদ মুস্তাফিজুর রহমান। প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার দেশে বেকার সমস্যা দূর, দারিদ্র্য বিমোচন ও দক্ষ জনবল গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী প্রণয়ন করেছে।